অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/25/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল অলাভজনক শিল্প ও সাংস্কৃতিক সংস্থাগুলোতে প্রায় 32 মিলিয়ন মার্কিন ডলার ক্যাপিটাল ফান্ড ঘোষণা করেছেন

NYSCA অনুদান নিউ ইয়র্ক স্টেটের 10টির সব অঞ্চলে 100টিরও বেশি প্রকল্পকে সমর্থন করবে

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে স্টেটের প্রতিটি অঞ্চলে 102টি প্রকল্পকে সমর্থন করার জন্য আর্টস ক্যাপিটাল প্রজেক্টস ফান্ডের নিউ ইয়র্ক স্টেট কাউন্সিলের মাধ্যমে প্রায় 32 মিলিয়ন মার্কিন ডলার অনুদান দেওয়া হয়েছে। নিউ ইয়র্ক জুড়ে অলাভজনক শিল্প ও সাংস্কৃতিক সংস্থাগুলোতে এই বিনিয়োগ গুরুত্বপূর্ণ বিল্ডিং সংস্কার, অ্যাক্সেসিবিলিটি উন্নয়ন এবং সৃজনশীল ও সাংস্কৃতিক কাজের জন্য নতুন স্পেসগুলোকে সমর্থন করে। নিউ ইয়র্ক সিটির বাইরের প্রতিষ্ঠানগুলো 55 শতাংশ অনুদান পেয়েছে যেখানে 69 শতাংশ অনুদান গিয়েছে 3 মিলিয়ন মার্কিন ডলারের কম বাজেটের সংস্থাগুলোতে।

"এই ফান্ডের মাধ্যমে আমরা যে 100টিরও বেশি প্রকল্পকে সমর্থন করছি সেগুলো স্টেট জুড়ে শিল্প ও সাংস্কৃতিক সংস্থাগুলোকে তোলে ধরবে এবং আসন্ন দশকগুলোতে অর্থনৈতিক উন্নয়নকে উৎসাহিত করবে," **গভর্নর হোকল বলেন।** "ঐতিহাসিক সাইটগুলো থেকে নতুন বহুবিধ-ব্যবহারের শিল্প কেন্দ্রগুলোতে, এই বৈচিত্র্যময় প্রকল্পগুলো স্থানীয় অর্থনীতির প্রবৃদ্ধি, পর্যটন চালানো এবং নিউ ইয়র্ক স্টেট জুড়ে কর্মসংস্থান তৈরির সময় শিল্প ও সংস্কৃতি সংস্থাগুলোর অ্যাক্সেসযোগ্যতা এবং স্থায়িত্ব সম্প্রসারিত করবে।"

শিল্প ও সংস্কৃতির জন্য NYSCA-এর ক্যাপিটাল প্রকল্পগুলো কৌশলগত বিনিয়োগ যা সংস্থাগুলোকে তাদের কমিউনিটিগুলোকে আরো ভালোভাবে পরিষেবা দেওয়ার এবং সংশ্লিষ্ট করার ক্ষমতা দেয়। তাদের অডিয়েন্সদের সাথে সংযোগ স্থাপনের জন্য সংস্থাগুলোর ক্ষমতা বাড়িয়ে এবং বাসিন্দা এবং দর্শকদের জন্য একইভাবে প্রয়োজনীয় গন্তব্য হয়ে ওঠার মাধ্যমে তারা শিল্প ও সাংস্কৃতিক ভেন্যুগুলোকে আরো ফিজিক্যাল অ্যাক্সেসযোগ্য এবং টেকসই হয়ে উঠতে সক্ষম করে। শক্তিশালী প্রকল্পগুলো জ্ঞাত সিদ্ধান্তের সাথে ডিজাইনে শ্রেষ্ঠত্বকে একত্রিত করে যা নিউ ইয়র্কের শিল্প ও সাংস্কৃতিক খাতকে সেবা দেবে এবং শক্তিশালী করবে, স্থানীয় অর্থনীতিকে উদ্দীপিত করবে, আমাদের কমিউনিটিগুলোতে বিনিয়োগকে অনুঘটক করবে এবং আমাদের সাংস্কৃতিক সংগঠনগুলোর প্রাণবন্ততা নিশ্চিত করতে সহায়তা করবে।

আজ ঘোষিত NYSCA অনুদানগুলোতে নিম্নোক্ত দুইটি অনুদান বিভাগ অন্তর্ভুক্ত রয়েছে: ছোট ও মাঝারি আকারের মূলধন উন্নয়ন অনুদান - যা 50,000 মার্কিন ডলার থেকে 2 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত - এবং বৃহৎ মূলধন উন্নয়ন অনুদান - যা 2 মিলিয়ন মার্কিন ডলার থেকে 10 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত এবং বড় আকারের মূলধন প্রকল্পগুলোকে ফোকাস করে যা কমিউনিটি উন্নয়ন এবং প্লেসমেকিংকে অগ্রাধিকার দেয়।
NYSCA ফান্ড নিম্নোক্ত প্রকল্পগুলোকে সমর্থন করবে:

স্নাগ হারবার কালচারাল সেন্টার এবং বোটানিকাল গার্ডেন - স্ট্যাটেন আইল্যান্ড, NY (নিউ ইয়র্ক সিটি)
প্রকল্পের ফান্ডগুলো স্নাগ হারবার কালচারাল সেন্টারের ঐতিহাসিক সংগীত হলের একটি বড় সম্প্রসারণের অংশ হিসাবে নতুন নাট্য ব্যবস্থার সাজসজ্জায় সহায়তা করবে। সংযুক্তি প্রায় সম্পন্ন হওয়ার সাথে সাথে সংস্থাটি আলো, শব্দ এবং ভিডিও সিস্টেমগুলো আপগ্রেড করবে এবং পুরো ভেন্যু জুড়ে অডিটরিয়ামের আসনগুলো প্রতিস্থাপন করবে।

- কলার ওয়ার্কস - ট্রয়, NY (ক্যাপিটাল অঞ্চল)
এই প্রকল্পটি একটি শিল্প গ্যালারী স্পেস, 11টি সাশ্রয়ী মূল্যের স্টুডিও, শিল্পীদের জন্য কো-ওয়ার্কিং স্পেস, পাবলিক রেস্টরুম, রেস্তোরাঁ/আতিথেয়তা স্পেস ও পাবলিক ইভেন্ট এবং প্রোগ্রামিংয়ের জন্য একটি নমনীয় আউটডোর কোর্টইয়ার্ড সহ একটি নতুন, অত্যাধুনিক অ্যাক্সেসযোগ্য মাল্টি-আর্টস সেন্টারে একটি ঐতিহাসিক ফাউন্ড্রিকে খাপ খাওয়াবে।

জন ডব্লিউ. জোন্স মিউজিয়াম - এলমিরা, NY (সাউদার্ন টিয়ার)
প্রকল্পটির ফলে যাদুঘরের মূল ভবনে আফ্রিকান আমেরিকান বিলোপবাদী এবং ভূগর্ভস্থ রেলপথ স্টেশনমাস্টার জন ডব্লিউ. জোনসের ঐতিহাসিক বাড়ির একটি বর্ধিত অংশ নির্মাণ করা হবে। নতুন, অ্যাক্সেসযোগ্য সংযুক্তিটি একবারে যাদুঘরটি পরিদর্শন করতে পারে এমন দর্শনার্থীদের সংখ্যা উল্লেখযোগ্যভাবে বাড়িয়ে দেবে এবং সংস্থাটিকে অনসাইটে প্রোগ্রামিং চালাতে সক্ষম করবে যা পূর্বে অন্য কোথাও পরিচালিত হয়ে আসছিল।

ক্রিয়েটিভ আর্টসের জন্য আপটাউন থিয়েটার - ইউটিকা, NY (মোহক ভ্যালি)
ফান্ডগুলো ইউটিকার ক্রিয়েটিভ আর্টসের জন্য 1920 এর দশকের ঐতিহাসিক আপটাউন থিয়েটারটির সম্পূর্ণ পুনর্নির্মাণ, সাজসজ্জা এবং পুনরায় খোলার জন্য সমর্থন করবে। প্রকল্পটি UTCA-কে নতুন সাংস্কৃতিক প্রোগ্রামিং নিয়ে আসতে এবং পূর্বে পরিত্যক্ত স্পেসে ইউটিকার আপটাউন নেবারহুডের পুনরুজ্জীবনে অবদান রাখতে সক্ষম করবে।

- ক্রেগার্ডন - এলিজাবেথটাউন, NY (নর্থ কান্ট্রি)
ফান্ডগুলো সংগঠনের মাল্টি-ফ্যাসিলিটি আর্টস ক্যাম্পাসের সম্প্রসারণের অংশ হিসাবে সাংস্কৃতিক প্রোগ্রামিং, ইভেন্ট এবং শিক্ষার জন্য গ্যালারী এবং স্পেস সহ একটি অ্যাক্সেসযোগ্য ভেন্যু মূল ভবন নির্মাণে সহায়তা করবে।

- শ্যান্ডাকেন থিয়েটার সোসাইটি (dba ফোনিসিয়া প্লে হাউস) - ফোনিসিয়া, NY (মিড-হাডসন)

ফান্ডগুলো সকল দর্শনার্থীদের জন্য সুরক্ষা এবং অ্যাক্সেসযোগ্যতা উন্নত করতে থিয়েটারের সম্মুখভাগ এবং প্রধান প্রবেশদ্বারের পুনর্নির্মাণকে সহায়তা করবে।

- গার্থ ফাগান ডান্স - রচেস্টার, NY (ওয়েস্টার্ন NY)
গার্থ ফাগান ডান্স একটি নতুন, জ্বালানি সাশ্রয়ী এবং সম্পূর্ণ প্রোগ্রামযোগ্য LED থিয়েটার লাইটিং সিস্টেমের মাধ্যমে এর পুরানো লাইটিং সরঞ্জামগুলি প্রতিস্থাপন করবে।

অনুদানপ্রাপ্তদের সম্পূর্ণ তালিকার জন্য এখানে ক্লিক করুন।

নিউ ইয়র্ক স্টেট কাউন্সিল অন দ্য আর্টসের নির্বাহী পরিচালক এরিকা ম্যালিন বলেন, "আমরা গভর্নর হোকল এবং আইনসভার কাছে তাদের সমর্থনের জন্য কৃতজ্ঞ। এই প্রকল্পগুলো আমাদের সৃজনশীল শিল্প ও আমাদের কমিউনিটির সমৃদ্ধি এবং কল্যাণের জন্য অপরিহার্য, বিশেষত যখন আমরা আমাদের সৃজনশীল খাতের পুনরুদ্ধারে নেভিগেট চালিয়ে যাচ্ছি। এই সমর্থন স্থানীয় অর্থনীতিকে উদ্দীপিত করতে, আমাদের কমিউনিটির বিনিয়োগকে অনুঘটক করতে এবং বর্তমান ও ভবিষ্যতের জন্য আমাদের সাংস্কৃতিক সংস্থাগুলোর প্রাণবন্ততা নিশ্চিত করতে সহায়তা করবে।"

নিউ ইয়র্ক স্টেট কাউন্সিল অন দ্য আর্টসের প্রধান ক্যাথরিন নিকোলস বলেন, "NYSCA-এর কর্মী এবং কাউন্সিলের পক্ষ থেকে আমরা আমাদের অর্থবছর 2024 এর সকল ক্যাপিটাল প্রকল্প ফান্ড অনুদানকারীদের অভিনন্দন জানাই। আমরা আপনার প্রকল্পগুলির শ্রেষ্ঠত্ব স্বীকার করি এবং এই উল্লেখযোগ্য নিউ ইয়র্ক শিল্প ও সাংস্কৃতিক অবকাঠামোগুলোকে আপনার নিবেদিত পরিচালনার জন্য আপনাকে ধন্যবাদ। সকল নিউ ইয়র্কবাসী এই গুরুত্বপূর্ণ প্রকল্পগুলোর উন্নয়ন এবং আগামী বছরগুলোতে পুরো স্টেট জুড়ে কমিউনিটির মধ্যে তাদের অনুপ্রেণামূলক প্রবৃদ্ধি এবং সৃজনশীলতা দেখার জন্য উন্মুখ হতে পারে।"

স্টেট সিনেটর জোসে সেরানো বলেন, "শিল্প ও সংস্কৃতিকে সমর্থন করে আমরা স্থানীয় অর্থনীতি গড়ে তুলি, পর্যটনকে উৎসাহিত করি, কর্মসংস্থান তৈরি করি এবং সকল বয়সের শিক্ষার্থীদের অনুপ্রাণিত করি। এই ক্যাপিটাল অনুদানগুলো নিউ ইয়র্কের শিল্প ও সাংস্কৃতিক সংস্থাগুলির অ্যাক্সেসযোগ্যতা এবং স্থায়িত্বকে উন্নত করবে, স্টেট জুড়ে কমিউনিটিগুলোকে প্রবৃদ্ধি ও সমৃদ্ধিতে সহায়তা করবে। সকল অনুদানপ্রাপ্তদের অভিনন্দন।"

অ্যাসেম্বলিমেম্বার ড্যানিয়েল ও'ডনেল বলেন, "পর্যটন, পার্ক, আর্টস এবং স্পোর্টস ডেভেলপমেন্ট কমিটির (Tourism, Parks, Arts, and Sports Development Committee) চেয়ারম্যান হিসাবে, আমি স্টেট জুড়ে শিল্প ও সাংস্কৃতিক সংস্থাগুলিকে শক্তিশালী করার ক্ষেত্রে ক্যাপিটাল ফান্ড যে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে তা প্রত্যক্ষভাবে দেখেছি। NYSCA-এর ক্যাপিটাল প্রকল্প ফান্ড দিয়ে এটি কেবল তাদের অবকাঠামো এবং কার্যক্রম উন্নত করার চেয়ে আরো বেশি কিছু করবে - এটি আমাদের কমিউনিটিগুলোকে সংশ্লিষ্ট, শিক্ষিত এবং অনুপ্রাণিত করার ক্ষেত্রে তাদের সক্ষমতা বাড়িয়ে তুলবে। আমাদের স্টেটের সাংস্কৃতিক ল্যান্ডস্কেপ সমৃদ্ধ করার জন্য এই ধরনের বিনিয়োগ অপরিহার্য এবং আমি ভবিষ্যত প্রজন্মের জন্য এর ইতিবাচক প্রভাব দেখার জন্য উন্মুখ হয়ে আছি।"

2018 সালে NYSCA ক্যাপিটাল ফান্ড প্রকল্প শুরু হওয়ার পরে, সংস্থাটি গভর্নর এবং আইনসভার সহায়তায় 10টি স্টেটের সকল অঞ্চল জুড়ে মোট 214 মিলিয়ন মার্কিন ডলারের 473 ক্যাপিটাল অনুদান প্রদান করেছে। এই প্রকল্পগুলি চাকরিদানের সক্ষমতা বৃদ্ধি করে এবং পর্যটন গন্তব্য হিসেবে সাংস্কৃতিক ভেন্যুগুলিকে অগ্রসর করে, নিউ ইয়র্কের আতিথেয়তা, খাদ্য ও পানীয়, এবং খুচরা বিক্রয় খাতকে জোরদার করে।

ক্যাপিটাল প্রজেক্টস ফান্ড ছাড়াও, NYSCA 2024 অর্থবছরের জন্য 1,000টিরও বেশি শিল্প সংস্থা এবং 500 জনেরও অধিক স্বতন্ত্র শিল্পীকে ক্যাপিটাল নয় এমন অনুদান হিসাবে 80 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করেছে।

গভর্নর হোকল নিউ ইয়র্কের জাতীয় শীর্ষস্থানীয় শিল্প ও সাংস্কৃতিক খাতকে বাড়ানোর জন্য রেকর্ড পরিমাণ বিনিয়োগ অব্যাহত রেখেছেন। 2025 অর্থবছরের প্রণীত বাজেটে অলাভজনক সংস্থা এবং স্বতন্ত্র শিল্পীদের NYSCA সাধারণ অপারেটিং সহায়তার জন্য 80 মিলিয়ন মার্কিন ডলারেরও বেশি এবং NYSCA-কে 50,000 মার্কিন ডলার থেকে 10 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত সকল আকারের প্রকল্পের জন্য অতিরিক্ত অনুদান দেওয়ার সুযোগ দিতে ক্যাপিটাল ফান্ডে আরও 80 মিলিয়ন মার্কিন ডলার অন্তর্ভুক্ত রয়েছে। এছাড়াও 2025 অর্থবছরে প্রণীত বাজেট শিল্পীদের ক্ষমতায়ন নিশ্চিত করার জন্য স্টেটের চলমান অর্থনৈতিক প্রবৃদ্ধিতে বাজেটটি উল্লেখিত দুইটি নতুন প্রোগ্রাম চালু করেছে – কাল্টিভেটিং হ্যাভেন্স ফর দ্য আর্টস থ্রু রিজিওনাল মুরালস (Cultivating Havens for the Arts through Regional Murals, CHARM NY) যেটি নিউ ইয়র্ক জুড়ে কমিউনিটিতে পাবলিক ম্যুরালগুলোর ডিজাইন এবং ইনস্টলেশনের জন্য অর্থায়ন করবে এবং "স্টেট অব দ্য আর্টস" ("State of the Arts") ফেলোশিপ প্রোগ্রাম যা সৃজনশীল পদ্ধতির মাধ্যমে পাবলিক পলিসি ভিত্তিক লক্ষ্যগুলোকে এগিয়ে নেওয়ার জন্য স্টেটের সংস্থাগুলোতে শিল্পী সংশ্লিষ্ট ফেলোদের স্পেস দেবে।

নিউ ইয়র্ক স্টেট কাউন্সিল অন আর্টস সম্পর্কে
নিউ ইয়র্ক স্টেটের কাউন্সিল অন দ্য আর্টসের (Council on the Arts) এর মিশন হল সকলের জন্য নিউ ইয়র্ক স্টেটের শিল্প, সংস্কৃতি, এবং সৃজনশীলতার সম্পূর্ণ ব্যাপ্তি প্রতিপালন ও উন্নত করা। নিউ ইয়র্ক স্টেট জুড়ে শিল্পকলার চলমান পুনরুদ্ধারকে সমর্থন করার জন্য, স্টেটের পুরো 10টি অঞ্চল জুড়ে 2,000টিরও বেশি শিল্পকলা সংস্থা এবং শিল্পীদের কাউন্সিল অন দ্য আর্টস 2024 অর্থ বছরে 127 মিলিয়ন মার্কিন ডলার অনুদান দেবে। নিউ ইয়র্কের সৃজনশীল সংস্কৃতিকে আরও এগিয়ে নিয়ে যেতে আর্ট কাউন্সিল নেতৃত্বের জন্য আরও লোক নিয়োগ করে সাংগঠনিক ও পেশাদার উন্নয়নের পথ প্রশস্ত করে তথ্য সম্পদকে আরও সমৃদ্ধ করছে। 1960 সালে গভর্নর নেলসন রকফেলার কর্তৃক তৈরি এবং গভর্নর ক্যাথি হোকল এবং নিউ ইয়র্ক স্টেট আইনসভার সমর্থনে অব্যাহত, কাউন্সিল হল একটি সংস্থা যা নির্বাহী শাখার অংশ। NYSCA সম্পর্কিত আরো তথ্য জানতে, অনুগ্রহ করে www.arts.ny.gov দেখুন এবং NYSCA-এর ফেসবুক পেজ, on X এ @NYSCArts এবং ইনস্টাগ্রামে @NYSCouncilontheArts-কে ফলো করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন